দৈনিক
আমাদের সময়

তারিখ ... 16 AUG 2016
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২

# দেশের ১১তম শিক্ষা বোর্ড হচ্ছে ময়মনসিংহে

মো. নজরুল ইসলাম, ময়মনসিংহ ●

বহুল প্রত্যাশিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহে প্রতিষ্ঠিত হচ্ছে। সদ্য ঘোষিত ময়মনসিংহ বিভাগে দেশের ১১তম এই শিক্ষা বোর্ড স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ ব্যাপারে প্রাথমিক সম্ভাব্যতা যাচাই-বাচাইয়ের জন্য সাত সদস্যের একটি কমিটি করা হয়েছে। সরেজমিন জরিপ চালিয়ে তাদের আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। রোববার শিক্ষা মন্ত্রণালয়ে এক জরুরি সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

সময়ের চাহিদা অনুযায়ী ময়মনসিংহে শিক্ষা বোর্ড স্থাপনের সিদ্ধান্ত নেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলনের সভাপতি অ্যাডভোকেট আনিসুর রহমান খান ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার নূরুল আমীন কালাম ও ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাবের সভাপতি এফএমএ সালাম। আগামী বছর থেকে নয়া শিক্ষা বোর্ডের অধীনে সব পরীক্ষা নেওয়াসহ দ্রুত বোর্ড স্থাপনের কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন তারা।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গত বছর ১৪ সেপ্টেম্বর ময়মনসিংহকে বিভাগে রূপান্তর করা হয়। এর পর থেকে সেখানে শিক্ষা বোর্ড স্থাপনের দাবি ক্রমেই জোরালো হয়। দেশের অন্তত চারটি শিক্ষা বোর্ডের চেয়ে বৃহত্তর ময়মনসিংহে শিক্ষার্থী বেশি থাকায় বোর্ড স্থাপন যৌক্তিক বলে মনে করেন এ অঞ্চলের মানুষ। পরে সরকারও ময়মনসিংহে একটি নতুন শিক্ষা বোর্ড স্থাপনের সিদ্ধান্ত নেয়। ইতোমধ্যে এর প্রাথমিক প্রক্রিয়া শুরু হয়েছে। এ লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষা সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে এক জরুরি সভা করা হয়। সভায় ময়মনসিংহে নতুন শিক্ষা বোর্ড করার যৌক্তিকতা তুলে ধরার পর প্রাথমিক যাচাই-বাছাইয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিদ্যালয়) চৌধুরী মুফাত আহমেদকে আহ্বায়ক করে সাত সদস্যের একটি কমিটি গঠিত হয়। এ কমিটিতে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব রুহি রহমান, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের বিদ্যালয় শাখার পরিচালক এলিয়াস হোসেন, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার ও ময়মনসিংহের আঞ্চলিক শিক্ষা কর্মকর্তাকে রাখা হয়েছে।

এ প্রসঙ্গে অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, ঢাকা বোর্ডের সীমানা অনেক বৃহত্তর হওয়ায় অনেককে দূর-দূরান্ত থেকে আসতে হচ্ছে। সংশ্লিষ্টদের সকল সুবিধা সহজভাবে দেওয়া সম্ভব হয় না। নানা ভোগান্তিতেও পড়তে হচ্ছে তাদের। তাই ময়মনসিংহে শিক্ষা বোর্ড হলে সে অঞ্চলের মানুষের ভোগান্তি কমে যাবে। সহজেই তারা বোর্ড সুবিধা পাবেন। তিনি আরও বলেন, মাঠ পর্যায়ে প্রাথমিক যাচাই-বাচাইয়ের জন্য কমিটি করা হয়েছে। আগামী ১৫ কার্যদিবসের মধ্যে কমিটিকে প্রতিবেদন দিতে বলা হয়েছে। এ প্রতিবেদনের ভিত্তিতে উচ্চ পর্যায়ে যাচাই-বাছাইয়ের পর চূড়ান্ত করা হবে। পরিসংখ্যানে দেখা গেছে, চলতি বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ, বরিশাল বোর্ডে ৭১ হাজার, সিলেট বোর্ডে ৭৪ হাজার এবং যশোর বোর্ডে এক লাখ ৩১ হাজার। আর বৃহত্তর ময়মনসিংহে পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ ৩২ হাজার ৫০০।

জামালপুর, শেরপুর, ময়মনসিংহ ও নেত্রকোনা জেলা নিয়ে ময়মনসিংহ বিভাগ গঠিত। ১৮২৯ সালে ঢাকা বিভাগ প্রতিষ্ঠার সময় থেকে ২০১৫ সালের ১৩ সেপ্টেম্বর পর্যন্ত এই বৃহত্তর ময়মনসিংহ অঞ্চল ঢাকা বিভাগের অংশ ছিল। ২০১৫ সালের ১২ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার এক বৈঠকে ঢাকা বিভাগ ভেঙে নতুন ময়মনসিংহ বিভাগ গঠনের ঘোষণা দেন।

দেশে বর্তমানে আটটি সাধারণ শিক্ষাবোর্ডের পাশাপাশি একটি কারিগরি ও একটি মাদ্রাসা শিক্ষা বোর্ড রয়েছে। ময়মনসিংহ শিক্ষা বোর্ড হবে নবম সাধারণ শিক্ষা বোর্ড হবে। আর দেশে শিক্ষা বোর্ডের সংখ্যা হবে ১১টি।